

তারিখ: 23/12/2014

**2005-পূর্ববর্তী কারেন্সি নোট আপনার ব্যাঙ্ক অ্যাকাউন্টে জুন 30, 2015-এর আগে জমা
করুন: জনসাধারণের কাছে আরবিআই-এর সনির্বন্ধ অনুরোধ**

প্রচলন থেকে এইসকল নোট প্রত্যাহার করার উদ্দেশ্যে জনসাধারণের সহযোগিতা প্রার্থনা করে, ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক পুরানো নক্সা-র নোট তাঁদের ব্যাঙ্ক অ্যাকাউন্টে জমা করতে অথবা তাঁদের সুবিধামত ব্যাঙ্কশাখায় বিনিময় করে নিতে সনির্বন্ধ অনুরোধ জানাচ্ছে। ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক জানিয়েছে যে জনসাধারণ এই কাজ জুন 30, 2015, পর্যন্ত করতে পারবে। ইতিপূর্বে, মার্চ 2014-তে জনসাধারণের জন্য এইসকল নোট বিনিময়ের শেষ তারিখ স্থির হয়েছিল জানুয়ারি 01, 2015.

রিজার্ভ ব্যাঙ্ক জানিয়েছে যে নোটগুলিকে পূর্ণ মূল্যে বিনিময় করতে পারা যাবে এবং এটাও স্পষ্ট করেছে এইরকম সকল নোট বৈধ টেন্ডার হিসাবে চালু থেকে যাবে।

পদক্ষেপটিকে ব্যাখ্যা করতে গিয়ে, রিজার্ভ ব্যাঙ্ক জানিয়েছে যে এখন মহাত্মা গান্ধী সিরিজের নোটসমূহ এক দশক ধরে প্রচলিত রয়েছে। পুরানো নোটসমূহের একটা বড় অংশ ব্যাঙ্কশাখাগুলির মাধ্যমে প্রত্যাহার করা হয়েও গেছে। এইকারণে, পুরানো নক্সার অবশিষ্ট নোটসমূহের প্রচলন প্রত্যাহার করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। রিজার্ভ ব্যাঙ্ক এই দিকেও অঙ্গুলিনির্দেশ করেছে যে, একই সময়ে বহুসংখ্যক সিরিজের নোট প্রচলিত থাকা আন্তর্জাতিক দৃষ্টিতে আদর্শ প্রথা নয়।

রিজার্ভ ব্যাঙ্ক প্রক্রিয়াটির উপর নজরদারি এবং পর্যালোচনা চালিয়ে যাবে যাতে জনসাধারণের কোনও দিক থেকেই অসুবিধা না হয়।

অল্পনা কিল্লাওয়াল
প্রধান মুখ্য মহাপ্রবন্ধক

প্রেস বিজ্ঞপ্তি: 2014-2015/1306